

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

স্মারক নং-৪৬.০২.০০০০.৮৭৮.১৯.০০৩.১৭

২০২৭৭

তারিখ: ১৬-০৯-২০২১ ইং।

প্রতি,

- (১) নির্বাহী প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
জেলা : .....(সকল) .....
- (২) উপজেলা প্রকৌশলী  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা : .....  
জেলা : ... ..(সকল) .....

বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীন পরিচালিত সরকারী প্রাথমিক বিদ্যালয় সমূহ খোলার বিষয়ে ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ সেপ্টেম্বর/২০২১ ইং তারিখ হতে সরকারী প্রাথমিক বিদ্যালয় খোলার বিষয়টি বিভিন্ন সূত্রমতে জানা গেছে। উল্লেখ্য বর্তমানে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নাবীন (১) চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী, (২) চাহিদা ভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) ও (৩) চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর যে সকল নির্মাণ/ মেরামত কাজ চলমান রয়েছে, সেক্ষেত্রে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

- দীর্ঘদিন যাবৎ দেশের সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ থাকায় ভবন সমূহে কোন মেরামতের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তাগণকে মেরামতের বিষয়ে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা;
- ঠিকাদার কর্তৃক কাজের সাইটে যথাযথ স্বাস্থ্যবিধি মানার বিষয়টি নিশ্চিত করতে হবে, যথাঃ (১) যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখা, (২) মাস্ক পরিধান, (৩) সাবান পানি দিয়ে হাত ধোঁত করা;
- বিদ্যালয়ের ক্লাসরুম কোন অবস্থাতেই ঠিকাদারের মালামাল সংরক্ষণের স্থান হিসেবে ব্যবহার করা যাবে না;
- বিদ্যালয় চত্বরে যত্রতত্র ভাবে ঠিকাদারি প্রতিষ্ঠানের মালামাল রাখা যাবে না, মালামাল রাখার ক্ষেত্রে যথাযথভাবে চত্বরের একপার্শ্বে স্তূপ করতে হবে যাতে ছাত্র ছাত্রীদের অবাধ চলাচল এবং খেলার অসুবিধা না হয়; এবং
- ঠিকাদারের নিয়োজিত শ্রমিকগণ যেন কোন অবস্থাতেই বিদ্যালয়ের টিউবওয়েল, টয়লেট/ওয়াস ব্লক ব্যবহার না করে তা নিশ্চিত করতে হবে।

  
(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৯১২৪০২৭

ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অনুলিপিঃ

- ১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগ (সকল).....।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চলঃ .....(সকল).....জেলাঃ.....(সকল).....।
- ৫) উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলাঃ .....(সকল) ....., জেলাঃ .....(সকল).....।
- ৬) উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলাঃ .....(সকল)....., জেলাঃ .....(সকল).....।